

“মুজিব বর্ষের আহ্বান
সেবায় মিলবে পরিদ্রাণ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
পত্নীতলা, নওগাঁ।



স্মারক নং :- ৪১.০১.০৬০০.০০০.১৬.২১- ১৩৬

তারিখঃ-১৪-৮-২০২১খ্রিঃ।

বিষয়: বয়স্ক এবং বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতার জন্য অনলাইনে আবেদন প্রসংগে।

বর্ণিত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি ২০২১-২২ অর্থ বছরে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা সমগ্র দেশের ১৫০ টি উপজেলার বয়স্ক এবং বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলাদের শতভাগ ভাতার আওতায় এনেছেন। পত্নীতলা উপজেলা শতভাগের আওতায়। আপনার পৌরসভা আর্থহী ব্যক্তিগণ ভাতার জন্য লিংক mis.bhata.gov.bd/onlineApplication করতে পারবেন। উল্লেখ্য যে, অনলাইনে আবেদন ছাড়া কোন ম্যানুয়াল আবেদন গ্রহণ করা হবে না।

আবেদনের শেষ তারিখ: ৩১ আগস্ট, ২০২১খ্রি: রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত।

আবেদন করতে যা যা লাগবে:

(১) আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র।

(২) আবেদনকারীর নিজস্ব মোবাইল নম্বর। যদি নিজস্ব মোবাইল নম্বর না থাকে সেক্ষেত্রে পরিবারের সদস্যদের মোবাইল নম্বর দিতে হবে।

ভাতা প্রাপ্তির যোগ্যতা: নীতিমালা অনুযায়ী।

আবেদনকারী নিজে অথবা উদ্যোক্তাদের মাধ্যমে অনলাইনে আবেদন করতে পারবেন।

এমতাবস্থায় ব্যাপক প্রচার সহ পরবর্তী ব্যবস্থা গ্রহণে অনুরোধ জানানো হল।

প্রাপক,

মেয়র

নজিপুর পৌরসভা
পত্নীতলা, নওগাঁ।


১৪-০৮-২০২১

(সুলতান আহমেদ)
উপজেলা সমাজসেবা অফিসার
পত্নীতলা, নওগাঁ।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে :

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পত্নীতলা, নওগাঁ।

২। উপজেলা নির্বাহী অফিসার, পত্নীতলা, নওগাঁ।

৩। উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নওগাঁ।

৪। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, পত্নীতলা, নওগাঁ। (আপনাকে ওয়েব পোর্টালে প্রদর্শনের জন্য অনুরোধ জানানো হল।)

৫। অফিস কপি।